

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৬৪১(আগরতলা ১১।০১)  
আমবাসা, ১১ জানুয়ারি, ২০১৯

রইস্যাবাড়ি ব্লকের ২০ টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

গ্রামীণ এলাকায় স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে রইস্যাবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে ডিসেম্বর মাসে রইস্যাবাড়ি ব্লক এলাকায় ২০টি স্থানে স্বাস্থ্য শিবির করা হয়েছে। স্বাস্থ্য শিবিরগুলিতে মোট ৩১৪ জনকে চিকিৎসা করা হয়েছে ও বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। এছাড়া মা ও শিশুর স্বাস্থ্য, শিশুদের সময় মত টিকা দেওয়া, ডায়রিয়া ও ম্যালেরিয়া রোগ প্রতিরোধ, বাড়িঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সচেতনতামূলক আলোচনা করেন রইস্যাবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীগণ। ধলাই জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।